

## 🗏 আত-তারিক | At-Tariq | ٱلطَّارق

আয়াতঃ ৮৬: ৭

💵 আরবি মূল আয়াত:

## يَّخرُجُ مِن بَينِ الصُّلبِ وَ التَّرَآئِبِ الْهُ ٧﴾

## 

যা বের হয় মেরুদন্ড ও বুকের হাঁড়ের মধ্য থেকে। — আল-বায়ান

যা বের হয় শিরদাঁডা ও পাঁজরের মাঝখান থেকে। — তাইসিরুল

এটা নির্গত হয় পৃষ্ঠদেশ ও পঞ্জরাস্থির মধ্য হতে। — মুজিবুর রহমান

Emerging from between the backbone and the ribs. — Sahih International

- ৭. এটা নির্গত হয় মেরুদণ্ড ও পঞ্জরাস্থির মধ্য থেকে।(১)
  - (১) ইবন আব্বাস বলেন, পুরুষের মেরুদণ্ড ও নারীর পঞ্জরাস্থির পানি হলদে ও তরল। সে দু'টো থেকেই সন্তান হয়। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

- ৭। এটা নির্গত হয় মেরুদন্ত ও পঞ্জরাস্থির মধ্য হতে, [1]
  - [1] বলা হয় যে, পুরুষের পৃষ্ঠদেশ ও নারীর বক্ষস্থল থেকে নির্গত উভয়ের পানি হতে মানুষের সৃষ্টি হয়। কিন্তু উভয় শ্রেণীর পানিকে একই পানি এই জন্য বলা হয়েছে যে, উভয়ের পানি মিলে এক হয়ে যায় তাই। تربية শব্দটি হল تربية এর বহুবচন। আর তা হল, বুকের সেই অংশ, যে অংশে গলার হার পরিধান করা হয়।

তাফসীরে আহসানূল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5938

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন